

ভূমিকা

ধানে ইউরিয়া সার সতর্কতার সাথে প্রয়োগ করতে হবে। ইউরিয়ার অভাবে ধানের ফলন কমে যায়। আবার মাত্রাতিরিক্ত ইউরিয়া ব্যবহার করলে অতিরিক্ত অঙ্গজ বৃদ্ধি হয়, পোকা-মাকড় বেশি আক্রমণ করে, ফলন কমে যেতে পারে।

ইউরিয়া সারের গুরুত্ব

- ▶ কুশির সংখ্যা ও গাছের দৈর্ঘ্য বৃদ্ধিতে সাহায্য করে।
- ▶ পাতার আকার বৃদ্ধি করে।
- ▶ প্রতি শীষে ধানের সংখ্যা ও পুষ্ট দানার সংখ্যা বাড়ায়।
- ▶ দানায় আমিষের পরিমাণ বাড়ায়।
- ▶ ফসফরাস, পটাশসহ অন্যান্য উপাদান আহরণের পরিমাণ বৃদ্ধি করে।



চিত্রঃ ইউরিয়ার অভাব জনিত লক্ষণ

ইউরিয়া সার প্রয়োগের মাত্রা

- ▶ একমণ ধান উৎপাদনে ১৮-২০ কেজি নাইট্রোজেন সমপরিমাণ ইউরিয়া সার প্রয়োজন।
- ▶ সাধারণত আমন এবং আউশ ধানে বিঘাপ্রতি ২১ কেজি ইউরিয়া সার প্রয়োগ করতে হয়।
- ▶ বোরোতে বিঘাপ্রতি ৩০ কেজি ইউরিয়া সার দিতে হবে।
- ▶ ইউরিয়া সার প্রয়োগের জন্য লিফ কালার চার্ট (এলসিসি) দিয়ে ধানের পাতার রঙ মিলিয়ে ইউরিয়ার চাহিদা নির্ধারণ করুন।



চিত্রঃ এলসিসি দিয়ে ধানের পাতার রঙ মিলিয়ে ইউরিয়ার চাহিদা নির্ধারণ

প্রয়োগের সময়

- ▶ জমি তৈরির সময় বিঘাপ্রতি ৭ কেজি ইউরিয়া সার প্রয়োগ করতে হবে।
- ▶ ধান রোপণের ২৫-৩০ দিন পর ৭ কেজি এবং কাইচ খোরের সময় ৭ কেজি ইউরিয়া সার প্রয়োগ করা দরকার।

তবে লিফ কালার চার্ট (এলসিসি) ব্যবহার করে ইউরিয়া উপরি প্রয়োগ করাই ভাল। এ ক্ষেত্রে এলসিসি-র সঙ্গে ধানের পাতার রঙ থোর অবস্থা পর্যন্ত ১০ দিন পর পর পরিমাপ করতে হয়। ধানের পাতার রঙ সংকট মান ৩.৫ এর কম হলে বোরো ও আমন মৌসুমে প্রতিবারে যথাক্রমে ৯ ও ৭.৫ কেজি ইউরিয়া সার প্রয়োগ করতে হবে। বিস্তারিত জানতে “ধান চাষে ইউরিয়া প্রয়োগে এলসিসি” ফ্যাক্ট শীট - ৩ দেখুন।

আরো তথ্যের জন্য :

ড. এম এ সালেক, উদ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, সাগরদী, বরিশাল ৮২০০, ই-মেইল: asaleque_brri@yahoo.com

অধিবেশন ২: মডিউল ৬
ফ্যাক্ট শীট ২